গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
অগ্নি শাখা-১

পাবনা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস পরিদর্শন সংক্রান্ত ফলাবর্তক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | প্রদীপ রঞ্জন চক্রবর্তী<br>অতিরিক্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ |
| তারিখ | : | ৩০ ডিসেম্বর ২০১৯ |
| সময় | : | সকাল ১০.৩০ মি: |
| স্থান | : | সভাপতির অফিস কক্ষ। |

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে উপস্থাপন করা হলো।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। তিনি জানান যে, মাঠ পর্যায়ের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিসের কার্যক্রম মনিটরিং করার লক্ষ্যমাত্রা ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং তদনুযায়ী সুরক্ষা সেবা বিভাগের কর্মকর্তাগণ মাঠ পর্যায়ের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস দর্শন/পরিদর্শন করছেন। সুরক্ষা সেবা বিভাগের অতিরিক্ত সচিব ড. তরুণ কান্তি শিকদার গত ১০/১২/২০১৯ তারিখে পাবনা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস ভিজিট করে মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিল করেছেন। উক্ত অফিসের অনুমোদিত পদের সংখ্যা ২৭টি। বর্তমানে ২০ জন কর্মরত আছেন। ০৭টি পদ শূন্য আছে। প্রসিকিউটর পদ ০১টি, সিপাই পদ ০৫টি এবং ওয়্যারলেস অপারেটর পদ ০১টি বর্তমানে শূন্য আছে।

০২। ২০১৯ সালে মাদক সংক্রান্ত মামলা রুজু করা হয়েছে ৪৭৯টি। তন্মধ্যে নিয়মিত মামলা ১৬৬টি এবং মোবাইল কোর্ট মামলা ৩১৩টি। ১৪৮টি মামলায় অভিযোগপত্র দাখিল করা হয়েছে, তদন্তাধীন মামলার সংখ্যা ১৮টি এবং বিচারাধীন মামলা ৮৫৩টি। নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ০৫টি। সাজা হয়েছে ০৩টি মামলায় এবং খালাস হয়েছে ০২ মামলায়। ২০১৯ সালে ২২০.৫ গ্রাম হেরোইন, ৭৬৫ বোতল ফেন্সিডিল, ৩ বোতল বিলেতি মদ, চোলাই মদ ৫২.৫ লিটার, বিয়ার ২৮ ক্যান, ডিএস ২০০ লিটার, ইয়াবা ৪১৭৬ পিস এবং তাড়ি ১৫২ লিটার আলামত হিসেবে জব্দ করা হয়েছে।

০৩। পাবনা জেলা অফিসের আওতায় ২৭৪টি স্কুল, ৫৮টি কলেজ, ১৬৭টি মাদ্রাসা, ১৪টি কারিগরি স্কুল ও ০১টি বিশ্ববিদ্যালয়ে মাদকবিরোধী কমিটি গঠন করা হয়েছে। এ সব কমিটির কার্যক্রম, কবে সর্বশেষ সভা হয়েছে, সভায় কী সিদ্ধান্ত হয়েছিল, সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে ইত্যাদি তথ্য পরিদর্শন প্রতিবেদনে উল্লেখ থাকলে ভাল হতো।

০৪। অক্টোবর' ২০১৯ মাস পর্যন্ত পাবনা জেলা অফিসের মাধ্যমে সচেতনতামূলক কর্মসূচির অংশ হিসেবে ১৬৩টি সভা/সেমিনার করা হয়েছে। পোস্টার ৫০০টি এবং লিফলেট ৪৫০০টি বিতরণ করা হয়েছে। শর্ট ফিল্ম দেখানো হয়েছে ৫৮টি।

০৫। পাবনা জেলায় কোন সরকারি নিরাময় কেন্দ্র নেই। ০১টি বেসরকারি নিরাময় কেন্দ্র আছে। কেন্দ্রটি নিয়মিত ভিজিট করা হয়। বেসরকারি নিরাময় কেন্দ্রের নাম, অনুমোদিত শয্যা সংখ্যা (পুরুষ ও মহিলা), চিকিৎসা প্রদানকৃত রোগীর সংখ্যা, ভর্তি রোগীর সংখ্যা, চিকিৎসা ও থেরাপিস্ট এর সংখ্যা ইত্যাদি তথ্য পরিদর্শন প্রতিবেদনে পাওয়া গেল না।

০৬। গত ২০১৮-২০১৯ অর্থবছরে মাদক শুল্ক বাবদ ৮০,৮২,২৪০.০০ টাকা আদায় করা হয়েছে। চলতি বছর নভেম্বর মাস পর্যন্ত উক্ত খাতে আদায় হয়েছে ৩১,৯৮,৮০০.০০ টাকা।

০৭। পরিদর্শনকারী কর্মকর্তার প্রতিবেদনের আলোকে নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করার জন্য মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকে অনুরোধ জানানো হলো :

(৭.১) পাবনা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিসের শূন্য পদ পূরণ করা;

(৭.২) মাদক সংক্রান্ত অপরাধ নিয়ন্ত্রণের লক্ষ্যে নিয়মিত ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা;

(৭.৩) মাদক সংক্রান্ত নিয়মিত মামলায় সরকার পক্ষে যথাযথভাবে প্রতিদ্বন্দ্বিতা করা;

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

(৭.৪) শিক্ষা প্রতিষ্ঠানে গঠিত মাদকবিরোধী কমিটিসমূহের কার্যক্রম দৈবচয়ন পদ্ধতিতে মূল্যায়ন করা;

(৭.৫) মাদকবিরোধী সচেতনতামূলক কার্যক্রম যেমন : সভা, সমাবেশ, সেমিনার, ওয়ার্কশপ, বিতর্ক প্রতিযোগিতা আয়োজন করা এবং পোস্টার ও লিফলেট বিতরণ অব্যাহত রাখা;

(৭.৬) বেসরকারি নিরাময় কেন্দ্রের কার্যক্রম নিয়মিত মনিটরিং করা, প্রয়োজনে ভালো কাজের জন্য তাদেরকে প্রণোদনা প্রদানের ব্যবস্থা করা;

(৭.৭) মাদক শুল্ক আদায়ের পদক্ষেপ আরো জোরদার করা।

০৮। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষরিত/-)
৩০/১২/২০১৯
প্রদীপ রঞ্জন চক্রবর্তী
অতিরিক্ত সচিব
ও
এপিএ টিম প্রধান
সুরক্ষা সেবা বিভাগ।

স্মারক নং-৫৮.০০.০০০০.০৫২.৩২.০০১.১৭- ৬৭

তারিখ : ১৬ পৌষ ১৪২৬ / ৩১ ডিসেম্বর ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।
০২। ড. তরুণ কান্তি শিকদার, অতিরিক্ত সচিব (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ), সুরক্ষা সেবা বিভাগ, ঢাকা।
০৩। অতিরিক্ত সচিব ...................................................... উইং (সকল), সুরক্ষা সেবা বিভাগ, ঢাকা।
০৪। সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (মূল্যায়ন) শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩১/১২/২০১৯
(মল্লিকা রাণী মন্ডল)
সহকারী সচিব